

বিষয়- হোম কোয়ারেন্টাইন

১৫/০৪/২০২০

সম্মানিত অভিভাবক,

আসসালামু আলাইকুম

আপনারা অবগত আছেন যে, বৈশ্বিক পরিস্থিতিতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠান সমূহ নির্দিষ্ট সময়ের জন্য বন্ধ রাখা হয়েছে। কসমো স্কুল এ নির্দেশনা সর্বোচ্চ গুরুত্বের সাথে যথাযথভাবে পালনরত। পাশাপাশি বিদ্যমান পরিস্থিতিতে শিক্ষার্থীদের লেখাপড়ার বিষয়টিও সময়ের সাথে সাথে ভাবনার বিষয় হয়ে দেখা দিয়েছে। তাই স্কুল কর্তৃপক্ষ কিছু অনুরোধ আবেদন আপনাদের সমীপে উপস্থাপন করার জন্যে আগ্রহী হয়েছে-

১. উদ্ভূত পরিস্থিতিতে সচেতনতা জরুরী, আতংকিত হওয়া নয়। স্কুলের সকল পর্যায়ের শুভানুধ্যায়ীর সুস্থতা কামনা করছি।

২. অবস্থার পরিবর্তন না হওয়া পর্যন্ত তথ্য প্রযুক্তির সময়োপযোগী যথাযথ ব্যবহারের মাধ্যমে শিক্ষার্থীদের পাঠে সম্পৃক্ত করার জন্যে প্রতিনিয়ত প্রয়োজনীয় তথ্য স্কুলের ওয়েব সাইটে দেয়া হচ্ছে। ওয়েব সাইটটি প্রতিদিন নজরে রাখার জন্যে অনুরোধ করছি।

Web address: www.cosmoschools.org

৩. শিক্ষকবৃন্দ তাদের প্রয়োজনীয় পাঠ সম্পর্কিত সকল তথ্য ওয়েবসাইটে আপলোড করে দিচ্ছেন। সন্তানের শিক্ষা সম্পর্কিত সকল তথ্যের জন্যে সেখানে ভিসিট করুন।

৪. শিক্ষা সম্পর্কিত যেকোনো সহায়তা আফটারনুন শিক্ষকবৃন্দের সাথে ফোনালাপের মাধ্যমে আপনারা সহজেই পেতে পারেন।

৫. বিশেষভাবে লক্ষ রাখুন, আপনার সন্তান যেন প্রযুক্তিকে যথাযথভাবে কাজে লাগিয়ে তার পাঠকে এগিয়ে নিয়ে যাওয়ার ফাঁকে অনলাইল আসক্তিতে আক্রান্ত না হয়। সন্তানের যেকোনো ধরনের সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার নিয়ন্ত্রণ করুন। স্কুলের কাজের জন্যে সারাদিন কম্পিউটারের সামনে বা ইন্টারনেট ব্যবহার করার কোনো প্রয়োজন নেই। এক্ষেত্রে সন্তানকে প্রশয় দেয়া থেকে বিরত থাকুন, তাকে মোটিভেশন দিন। সম্মানিত অভিভাবক, আপনারা জানেন যে, কসমো স্কুল সবসময় কোমলমতি শিক্ষার্থীদের ভার্চুয়াল ভাইরাসের থাবা থেকে নিরাপদে রাখার জন্যে আপনাদের কাছে আবেদন রেখে চলেছে। এই হোম কোয়ারেন্টাইনেও অনুরূপ আবেদন- হোম কোয়ারেন্টাইন পালনকালে সন্তানকে আপনিও পর্যাপ্ত সময় দেবার সুযোগ পাচ্ছেন তাই তার প্রতি সচেতন দৃষ্টি রাখুন, সৃজনশীল কাজে তাকে সম্পৃক্ত করুন।

৬. আসন্ন দিনে সরকারের নির্দেশনা অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠানের ছুটি বর্ধিত করা হলে শিক্ষার্থীদের বিষয় ভিত্তিক এসেসমেন্ট দেয়ার জন্যে প্রস্তুত হতে হবে। এজন্যে এসেসমেন্ট গাইডলাইন পরবর্তীতে ওয়েবে আপনাদের জন্যে প্রকাশ করা হবে। তাই শিক্ষার্থীরা পড়াগুলো যেন নিয়মিতভাবে এগিয়ে নিয়ে যায় অভিভাবকদের সে ব্যাপারে দৃষ্টি দেয়া প্রয়োজন।

৭. আপনারা জানেন যে, স্কুলের সম্মানিত অভিভাবকবৃন্দের প্রাপ্ত টিউশন ফি দিয়ে স্কুলের সকল ব্যয় নির্বাহ করা হয়। স্কুলের আয়ের সবচেয়ে গুরুত্বপূর্ণ খাতটি যেন সচল থাকে সে ব্যাপারে আপনাদের সহযোগিতা কামনা করছি। দেশের এ পরিস্থিতিতে মাসিক টিউশন ফি সকাল ১০ টা থেকে দুপুর ১টা পর্যন্ত (নগদ অর্থ) স্কুলের মূল ভবনে হিসাব বিভাগে প্রদান করা যাবে। এ সংক্রান্ত বিস্তারিত তথ্যের জন্যে স্কুলের অফিসে যোগাযোগ করতে পারেন। স্কুলের হিসাব বিভাগের ফোন নং:০১৮৪২-৯০০০৪৫ (শরীফ স্যার)

পরম করুণাময় আমাদের সকলকে সুস্থ দেহ, প্রশান্ত মন এবং কর্মব্যস্ত সুখী জীবন দান করুন- এই আমাদের ঐকান্তিক প্রার্থনা।

ধন্যবাদান্তে,

কসমো স্কুল কর্তৃপক্ষ